

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
জুডিশিয়াল মুন্সিখানা শাখা



ফেব্রুয়ারি, ২০২৩ মাসে অনুষ্ঠিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম মনিটরিং সংক্রান্ত সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ শাহগীর আলম জেলা ম্যাজিস্ট্রেট
সভার তারিখ	১৩ ফেব্রুয়ারি ২০২৩ খ্রি.
সভার সময়	বেলা ১০:৪৫ টা
স্থান	সম্মেলন কক্ষ, জেলাপ্রশাসকের কার্যালয়
উপস্থিতি	পরিশিষ্ট - "ক"

সভাপতি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের কার্যক্রম মনিটরিং সংক্রান্ত কমিটির উপস্থিত সম্মানিত সদস্যদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া জেলায় বেসরকারি পর্যায়ে পরিচালিত লাইসেন্সপ্রাপ্ত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর নভেম্বর-জানুয়ারি/২০২২-২৩ মাসের চিকিৎসা সংক্রান্ত তথ্য উপস্থাপন করেন। অতঃপর সভার আলোচ্যসূচি অনুযায়ী বিস্তারিত আলোচনা এবং নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রম	বিষয় ও আলোচনা							গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ		
১.	বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া বলেন, ব্রাহ্মণবাড়িয়া জেলায় বেসরকারি পর্যায়ে পরিচালিত লাইসেন্সপ্রাপ্ত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের সংখ্যা ০৫টি। কেন্দ্রগুলোর নভেম্বর-জানুয়ারি, ২০২২-২৩ মাসের চিকিৎসা সংক্রান্ত তথ্যাদি নিম্নরূপ:							বেসরকারি পর্যায়ে পরিচালিত লাইসেন্সপ্রাপ্ত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের কার্যক্রম নিয়মিত মনিটরিং করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া ২. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া ৩. উপজেলা নির্বাহী অফিসার, সদর, ব্রাহ্মণবাড়িয়া ৪. বিজ্ঞ এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া ৫. নির্বাহী পরিচালক, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া		
	জেলা নাম	নিরাময় কেন্দ্রের নাম	বেড সংখ্যা	নতুন ভর্তিকৃত রোগীর সংখ্যা			বর্তমান রোগীর সংখ্যা			মাদকের প্রকারভেদে নতুন ভর্তিকৃত রোগীর সংখ্যা	
				নভে /২২	ডিসে /২২	জানু /২৩	ছাড়কৃত রোগীর সংখ্যা (জন)				
	ব্রাহ্মণ বাড়িয়া	প্রয়াস	১০	০৫	০৭	০৭	২৪			৩০	ইয়াবা-০৮ জন, গাঁজা- ০৮ জন ও ফেসিডিল-০২ জন।
		আশীর্বাদ	১০	০৭	০৭	০৭	২০			২৬	ইয়াবা-১০ জন, গাঁজা-০৮ জন, এক্সফ-০১ জন ও অন্যান্য-০২জন
		প্রত্যয়	১০	১০	১৪	০৩	৩০	১৭	ইয়াবা-০৭ জন, গাঁজা-০৮ জন, ফেসিডিল-০৭জন, মদ-০৫ জন, ঘুমের ঔষধ-০৩ জন, হেরোইন-০১ জন, অন্যান্য-০১ জন		
		প্রত্য্যাশা	১০	-	০৩	০৩	-	০৫	ইয়াবা- ০৪ জন ও গাঁজা-০২ জন।		
		অশু	১০	-	-	১১	-	১১	ইয়াবা- ৪ জন, গাঁজা- ৪ জন, এক্সফ- ২ জন ও ফেসিডিল- ১ জন		
২	মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের কার্যক্রম, অবকাঠামো, জনবল এবং চিকিৎসার গুণগত মান তদন্তপূর্বক প্রতিবেদন দাখিলের জন্য সভায় উপস্থিত সকলের সর্বসম্মতিক্রমে বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া-কে আহ্বায়ক করে নিম্নবর্ণিত কমিটি গঠন করা হয়:							কমিটির সদস্যগণ জেলায় বেসরকারি পর্যায়ে পরিচালিত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রসমূহের কার্যক্রম, অবকাঠামো, জনবল এবং চিকিৎসার গুণগত মান তদন্তপূর্বক আগামী সভায় পূর্ণাঙ্গ প্রতিবেদন দাখিলের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া ২. মেডিকেল অফিসার, সিভিল সার্জনের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ৩. উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ৪. অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) ব্রাহ্মণবাড়িয়া ৫. সহকারী পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া		
	ক্রম	কর্মকর্তার নাম, পদবি ও কর্মস্থল				কমিটিতে পদমর্যাদা					
	০১	জনাব হেলেনা পারভীন বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া				আহ্বায়ক					
	০২	জনাব ডাঃ মোঃ মাহমুদুল হাছান মেডিকেল অফিসার সিভিল সার্জনের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া				সদস্য					
	০৩	জনাব আবু আবদুল্লাহ মোঃ ওয়ালী উল্লাহ উপপরিচালক জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া				সদস্য					
	০৪	জনাব মোহাম্মদ মোজাম্মেল হোসেন রেজা অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল) ব্রাহ্মণবাড়িয়া				সদস্য					
	০৫	জনাব মুঃ মিজানুর রহমান সহকারী পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া				সদস্য সচিব					

৩	সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া বলেন, মাদকাসক্তদের আসক্তি হতে ফিরিয়ে আনতে চিকিৎসার পাশাপাশি মানসিক পরিচর্যা করতে হবে। তা না হলে, তাদেরকে পরিপূর্ণভাবে সুস্থ করা সম্ভব নয়।	মাদকাসক্তদের আসক্তি হতে ফিরিয়ে আনার জন্য মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোতে মনোরোগ বিশেষজ্ঞ কর্তৃক তাদের মানসিক পরিচর্যার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া ২. সহকারী পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ৩. সহকারী পরিচালক, এনজিও, ব্রাহ্মণবাড়িয়া ৪. নির্বাহী পরিচালক, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া
৪	সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া বলেন, মাদকাসক্ত রোগীরা তাদের বাবা/মা/অভিভাবকদের সান্নিধ্য পেলে সুস্থতার ক্ষেত্রে ইতিবাচক প্রভাব পড়বে।	মনোরোগ বিশেষজ্ঞ কর্তৃক মাদকাসক্তদের মানসিক চিকিৎসা প্রদানের সময় রোগীদের বাবা/মা/অভিভাবকদের উপস্থিতি নিশ্চিতকরণের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ২. নির্বাহী পরিচালক, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া
৫	জেলার বেসরকারি পর্যায়ে পরিচালিত লাইসেন্সপ্রাপ্ত মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোর পরিচালকগণ বলেন, মাদকাসক্ত রোগীর চেয়ে নিরাময় কেন্দ্রের অনুমোদিত বেড সংখ্যা খুবই কম। তারা দাখিলকৃত আবেদনের পরিপ্রেক্ষিতে চাহিত বেড সংখ্যার দ্রুত অনুমোদন প্রদানের অনুরোধ জানান।	১. যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত অনুমোদিত সীট সংখ্যার অধিক রোগী ভর্তি না করার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। ২. সীট সংখ্যা বৃদ্ধির বিষয়ে অনুমতি প্রদানের আবেদন প্রাপ্তির প্রেক্ষিতে দ্রুত অনুমোদন প্রদানের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ২. নির্বাহী পরিচালক, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া
৬	সভাপতি ও জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া বলেন, কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা কর্তৃক প্রণীত মাদকাসক্তদের চিকিৎসা সংক্রান্ত চেকলিস্ট অনুযায়ী চিকিৎসা সেবা প্রদান করতে হবে। যে সকল এনজিও মাদকাসক্তদের নিয়ে কাজ করে, প্রয়োজনে তাদের সহযোগিতা নেয়া যেতে পারে। তিনি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রের নির্বাহী পরিচালকদের সরকারি বিধি-বিধান মোতাবেক নিরাময় কেন্দ্র পরিচালনা নিশ্চিত করার নির্দেশনা প্রদান করেন। সর্বোপরি, চিকিৎসা সেবা গ্রহণের পর নিরাময় কেন্দ্র হতে ছাড়প্রাপ্ত মাদকাসক্তরা যেনো পুনরায় মাদকে আকৃষ্ট হয়ে না পড়ে, এ বিষয়টি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।	১. কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ঢাকা হতে প্রণীত চিকিৎসা সংক্রান্ত চেকলিস্ট অনুযায়ী চিকিৎসা সেবা প্রদানের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। ২. যে সকল এনজিও মাদকাসক্তদের নিয়ে কাজ করে, প্রয়োজনে তাদের সহযোগিতা নেয়ার অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়। ৩. চিকিৎসা সেবা গ্রহণের পর নিরাময় কেন্দ্র হতে ছাড়প্রাপ্ত মাদকাসক্তরা যেনো পুনরায় মাদকে আকৃষ্ট না হয়, এ বিষয়টি নিশ্চিতকল্পে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধের সিদ্ধান্ত গৃহীত হয়।	১. সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া ২. বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া ৩. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ৪. সহকারী পরিচালক মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া ৫. সহকারী পরিচালক, এনজিও, ব্রাহ্মণবাড়িয়া ৬. নির্বাহী পরিচালক, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া

সভাপতি আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ শাহগীর আলম
জেলা ম্যাজিস্ট্রেট

স্মারক নম্বর: ০৫.৪২.১২০০.০১৪.০৪.০১০.২২.৩১৬

তারিখ: ৯ ফাল্গুন ১৪২৯

২২ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২) মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
- ৩) বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম।
- ৪) পরিচালক (চিকিৎসা ও পুনর্বাসন), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
- ৫) অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম
- ৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া
- ৭) পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া
- ৮) সিভিল সার্জন, ব্রাহ্মণবাড়িয়া
- ৯) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, ব্রাহ্মণবাড়িয়া
- ১০) উপজেলা নির্বাহী অফিসার (সকল), ব্রাহ্মণবাড়িয়া
- ১১) জেলা শিক্ষা কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া
- ১২) উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া
- ১৩) উপপরিচালক, জেলা মহিলা বিষয়ক অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
- ১৪) উপপরিচালক, জেলা যুব উন্নয়ন অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
- ১৫) প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া (কার্যবিবরণীটি ওয়েব পোর্টালে আপলোডের অনুরোধসহ))
- ১৬) সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া
- ১৭) সহকারী পরিচালক, এনজিও, ব্রাহ্মণবাড়িয়া
- ১৮) নির্বাহী পরিচালক, মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, ব্রাহ্মণবাড়িয়া



মোঃ শাহগীর আলম
জেলা ম্যাজিস্ট্রেট